



ci pV%eS gOY ^UcEi cEAGv
cYE mgab AaAnivwK ^I qvnGQ %aGvAbyx b Ki G Zy %AaAqW ^K hKvEvnRokx i FbjifK
cE? mgab jvLQ cv G mnRE

প্রশ্ন ১ ΔPQR এর ∠Q = এক সমকোণ এবং PR বাহুর মধ্যবিন্দু M.

[ঢাকা বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৬]

- ক. PR = 10 সে.মি., QR = 8 সে.মি. হলে PQ এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
খ. প্রমাণ কর যে, PQ ও QR বাহুর মধ্যবিন্দু যথাক্রমে M ও N এর সংযোজক রেখাংশ MN এর দৈর্ঘ্য, PR এর দৈর্ঘ্যের অর্ধেকের সমান। ৪
গ. প্রমাণ কর যে, QM = MR = PM. ৪

১ নং প্রশ্নের সমাধান

ক ΔPQR এর ∠Q = এক সমকোণ
সুতরাং PR অতিভুজ
পিথাগোরাসের উপপাদ্য অনুসারে,


$$PR^2 = PQ^2 + QR^2$$

$$\therefore PQ = \sqrt{PR^2 - QR^2}$$

$$= \sqrt{(10)^2 - (8)^2} = \sqrt{100 - 64} = 6$$

$$\therefore PQ = 6 \text{ সে.মি. (Ans.)}$$

খ




বিশেষ নির্বচন: মনে করি, QPR ত্রিভুজে M ও N যথাক্রমে QP ও QR বাহুর মধ্যবিন্দু। প্রমাণ করতে হবে যে, $MN = \frac{1}{2} PR$.

অঙ্কন: M ও N যোগ করে বর্ধিত করি যেন $MN = NA$ হয়। R, A যোগ করি।

প্রমাণ: ধাপ **যথার্থতা**

- (১) ΔQMN ও ΔANR-এ
- | | |
|-------------|-------------------|
| QN = NR | [দেওয়া আছে] |
| MN = NA | [অঙ্কনানুসারে] |
| ∠MNQ = ∠RNA | [বিক্রান্তীপ কোণ] |
- ∴ ΔQMN ≅ ΔANR [বাহু-কোণ-বাহু উপপাদ্য]
- ∴ ∠QMN = ∠RAN এবং ∠QNM = ∠NRA [একান্তুর কোণ]
- ∴ QM ∥ RA বা QP ∥ RA
- আবার, PM = QM = RA
- এবং PM ∥ RA
- সুতরাং PMAR একটি সামান্তরিক।
- (২) আবার, MA = PR
- বা, MN + NA = PR
- বা, MN + MN = PR
- বা, 2MN = PR
- ∴ $MN = \frac{1}{2} PR$ (প্রমাণিত)

গ **বিশেষ নির্বচন:** মনে করি, ΔPQR-এ ∠Q = এক সমকোণ এবং M, অতিভুজ PR-এর মধ্যবিন্দু। Q, M যোগ করি। প্রমাণ করতে হবে যে, QM = MR = PM




অঙ্কন: PQ -এর মধ্যবিন্দু E নিই এবং M, E যোগ করি।

প্রমাণ: **যথার্থতা**

- ধাপ-১. ΔPQR -এর E এবং M যথাক্রমে [অঙ্কন এবং কল্পনানুসারে]
PQ এবং PR -এর মধ্যবিন্দু।
- ∴ ME ∥ QR. [∵ ত্রিভুজের যেকোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সামান্তরাল] [কল্পনা]
- ∴ ∠PEM = অনুরূপ ∠EQR = এক সমকোণ [কল্পনা]
- ধাপ-২. এখন, ΔPEM এবং ΔQEM -এর মধ্যে
- | | |
|---------|-----------------------|
| PE = QE | [E, PQ-এর মধ্যবিন্দু] |
| ME = ME | [সাধারণ বাহু] |
- এবং অসম্পর্কিত ∠PEM = অসম্পর্কিত ∠QEM [∵ প্রত্যেকে সমকোণ]
- ∴ ΔPEM ≅ ΔQEM
- ∴ PM = QM
- অনুরূপভাবে দেখানো যায় যে, QM = MR.
- ∴ QM = MR = PM (প্রমাণিত)

প্রশ্ন ২ চিত্রে LM = MN এবং ∠LMN এর সমদ্বিখন্ডক MP রেখাংশ LN কে P বিন্দুতে ছেদ করেছে।




[রাজশাহী বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৫]

- ক. একটি সমবাহু ত্রিভুজের চিত্র এঁকে যে কোনো একটি বহিঃস্থ কোণের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রমাণ কর যে, $MN + LN > LC + MC$. ৪
গ. প্রমাণ কর যে, $MP \perp LN$. ৪

২ নং প্রশ্নের সমাধান


ক



চিত্রে, ΔABC একটি সমবাহু ত্রিভুজ। BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করায় বহিঃস্থ কোণ ∠ACD উৎপন্ন হয়। সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি কোণ 60°। আবার, ∠ACD + ∠ACB = 180°

∴ ∠ACD = 180° - 60° = 120° (Ans.)

খ **বিশেষ নির্বচন:** প্রদত্ত তথ্য অনুযায়ী NLM একটি ত্রিভুজ। ∠LMN এর সমদ্বিখন্ডক MP রেখাংশ LN কে P বিন্দুতে ছেদ করেছে। LC রেখাংশ MP কে C বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, $MN + LN > LC + MC$



প্রমাণ: ধাপ

- (১) ΔNMP -এ $MN + NP > PM$
বা, $MN + NP > CM + CP \dots\dots (i)$

- (২) আবার ΔLCP -এ, $CP + LP > CL \dots\dots\dots (ii)$

- (৩) (i) ও (ii) নং যোগ করে পাই,

$$MN + NP + CP + LP > CM + CP + CL$$

বা, $MN + NL + CP > CM + CP + CL$ [$\square NP + LP = NL$]

$\therefore MN + LN > LC + MC$ [উভয় পক্ষ হতে CP বাদ দিয়ে] (প্রমাণিত)

গ মনে করি, ΔLMN -এ


$$LM = MN \text{ এবং}$$

$\angle LMN$ এর সমদ্বিখন্ডক MP

রেখাংশ LN কে P বিন্দুতে ছেদ করে।

অর্থাৎ $\angle LMP = \angle NMP$

প্রমাণ করতে হবে যে, $MP \perp LN$



প্রমাণ:

ΔLMP এবং ΔNMP -এ

$$LM = MN \text{ [প্রদত্ত]}$$

$$MP = MP \text{ [সাধারণ বাহু]}$$

$$\text{অনুভূক্ত } \angle LMP = \text{অনুভূক্ত } \angle NMP$$

$$\text{সুতরাং } \Delta LMP \cong \Delta NMP$$

$$\therefore \angle MPL = \angle MPN$$

$$\therefore \angle MPL = \angle MPN = 1 \text{ সমকোণ}$$

সুতরাং $MP \perp LN$ (প্রমাণিত)

যথার্থতা

[বাহু-কোণ-বাহু উপপাদ্য]

যেহেতু কোণ দুটি সন্নিহিত কোণ

এবং তাদের সমষ্টি দুই সমকোণ

বা এক সরলকোণ।

প্রশ্ন ৩ ΔPQR এর PR বাহুর মধ্যবিন্দু S .

[চট্টগ্রাম বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৪]

ক. যদি $\angle PQR = 90^\circ$ এবং QR এর উপর একটি বিন্দু S হয়, প্রমাণ কর
যে, $PR^2 - PS^2 = QR^2 - QS^2$. ২

খ. প্রমাণ কর যে, $PQ + QR > 2QS$. ৪

গ. যদি QP কে M পর্যন্ত এবং QR কে N পর্যন্ত বর্ধিত করা হয় এবং
 $\angle MPR$ ও $\angle NRP$ কোণের সমদ্বিখন্ডক O বিন্দুতে মিলিত হয়, তবে
প্রমাণ কর যে, $\angle POR = 90^\circ - \frac{1}{2} \angle Q$. ৪

৩ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, ΔPQR এর $\angle PQR = 90^\circ$ এবং QR এর উপর একটি বিন্দু S ।

প্রমাণ করতে হবে যে, $PR^2 - PS^2 = QR^2 - QS^2$

অঙ্কন: P, S যোগ করি।

প্রমাণ: পিথাগোরাসের উপপাদ্য অনুসারে,

$$\Delta PQR \text{ হতে, } PQ^2 + QR^2 = PR^2$$

$$\text{বা, } PQ^2 = PR^2 - QR^2 \dots\dots\dots (i)$$


$$\text{আবার, } \Delta PQS \text{ হতে, } PQ^2 + QS^2 = PS^2$$

$$\text{বা, } PQ^2 = PS^2 - QS^2 \dots\dots\dots (ii)$$


(i) ও (ii) হতে পাই,

$$PR^2 - QR^2 = PS^2 - QS^2$$

বা, $PR^2 - PS^2 = QR^2 - QS^2$ (প্রমাণিত)



এ



বিশেষ নির্বচন: দেওয়া আছে, ΔPQR এর PR বাহুর মধ্যবিন্দু S । Q, S যোগ
করি। প্রমাণ করতে হবে যে, $PQ + QR > 2QS$.

অংকন: QS কে E পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন $SE = QS$ হয়। R, E যোগ
করি।

প্রমাণ: ধাপ

যথার্থতা

- (১) ΔPQS এবং ΔSER -এ

$$PS = SR$$

[S, PR এর মধ্যবিন্দু]

$$QS = SE$$

[অঙ্কনানুসারে]

$$\text{এবং অনুভূক্ত } \angle QSP = \text{অনুভূক্ত } \angle ES R$$

[বিপ্রতীপ কোণ]

$$\therefore \Delta PQS \cong \Delta SER$$

[বাহু-কোণ-বাহু উপপাদ্য]

$$\text{সুতরাং } PQ = RE$$

- (২) আবার, ΔQER -এ,

[ত্রিভুজের যেকোনো দুই বাহুর সমষ্টি

$$QR + RE > QE$$

তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর]

বা, $QR + PQ > QS + SE$


[ধাপ (১) থেকে]

বা, $PQ + QR > QS + QS$

[অঙ্কনানুসারে]

$\therefore PQ + QR > 2QS$ (প্রমাণিত)

গ



বিশেষ নির্বচন: ΔQPR -এর QP বাহুকে M পর্যন্ত এবং QR বাহুকে N পর্যন্ত
বর্ধিত করায় P এবং R বিন্দুতে দুইটি বহিঃস্থকোণ যথাক্রমে $\angle MPR$ এবং
 $\angle NRP$ উৎপন্ন হয়েছে। এখন, $\angle MPR$ এর সমদ্বিখন্ডক PO এবং $\angle NRP$ এর
সমদ্বিখন্ডক RO পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে।

প্রমাণ করতে হবে যে, $\angle POR = 90^\circ - \frac{1}{2} \angle Q$.

প্রমাণ: ধাপ

যথার্থতা

- (১) ΔQPR -এ

$$\angle Q + \angle P + \angle R = 180^\circ$$

[ত্রিভুজের তিন কোণের

সমষ্টি 2 সমকোণ]

$$\text{বা, } \frac{1}{2} \angle Q + \frac{1}{2} \angle P + \frac{1}{2} \angle R = 90^\circ \dots\dots\dots (i)$$

- (২) আবার, ΔPOR -এ

$$\angle POR + \angle OPR + \angle ORP = 180^\circ$$

$$\text{বা, } \angle POR + \frac{1}{2} \angle MPR + \frac{1}{2} \angle NRP = 180^\circ$$

[$\therefore PO$ এবং RO যথাক্রমে $\angle MPR$ ও $\angle NRP$ এর সমদ্বিখন্ডক]

$$\text{বা, } \angle POR + \frac{1}{2} (180^\circ - \angle P) + \frac{1}{2} (180^\circ - \angle R) = 180^\circ$$

[$\therefore \angle RPM, \angle P$ -এর এবং $\angle PRN, \angle R$ -এর সম্পূরক কোণ]

$$\text{বা, } \angle POR + 90^\circ - \frac{1}{2} \angle P + 90^\circ - \frac{1}{2} \angle R = 180^\circ$$

$$\text{বা, } \angle POR = 180^\circ - 90^\circ - 90^\circ + \frac{1}{2} \angle P + \frac{1}{2} \angle R + \frac{1}{2} \angle Q - \frac{1}{2} \angle Q$$


$$\therefore \angle POR = 90^\circ - \frac{1}{2} \angle Q \text{ [(i) নং হতে] (প্রমাণিত)}$$

প্রশ্ন ৪ ΔPQR এর PQ ও PR বাহুকে বর্ধিত করলে Q ও R বিন্দুতে যে
বহিঃস্থ কোণ দুটি উৎপন্ন হয়, তাদের সমদ্বিখন্ডক দুটি O বিন্দুতে মিলিত
হয়েছে। [বরিশাল বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৪]

- ক. সমদ্বিবাহু $\triangle ABC$ এ $AB = AC$, $\angle BAC = 70^\circ$ এবং BC কে D পর্যন্ত বর্ধিত করলে $\angle ACD$ এর মান নির্ণয় কর। ২
- খ. QR বাহুর মধ্যবিন্দু M হলে, প্রমাণ কর যে, $PQ + PR > 2PM$. ৪
- গ. প্রমাণ কর যে, $2\angle QOR = 180^\circ - \angle QPR$. ৪

৪ নং প্রশ্নের সমাধান


ক



দেওয়া আছে, $\triangle ABC$ -এ $AB = AC$
 $\therefore \angle ABC = \angle ACB$
 এখানে, $\angle BAC = 70^\circ$
 $\therefore \angle ABC + \angle ACB = 180^\circ - 70^\circ$
 বা, $2\angle ABC = 110^\circ$
 বা, $\angle ABC = 55^\circ$
 এখন, $\triangle ABC$ -এর
 বহিঃ $\angle ACD = \angle ABC + \angle BAC$
 $= 55^\circ + 70^\circ = 125^\circ$ (Ans.)

খ

বিশেষ নির্বচন: দেওয়া আছে, $\triangle PQR$ -এর QR বাহুর মধ্যবিন্দু M । P, M যোগ করি। প্রমাণ করতে হবে যে, $PQ + PR > 2PM$ ।
 অঙ্কন : PM কে N পর্যন্ত বর্ধিত করি যেন, $MN = PM$ হয়। N, R যোগ করি।



যথার্থতা

প্রমাণ:

ধাপ-১: $\triangle PQM$ ও $\triangle NRM$ ত্রিভুজদ্বয় এ

$QM = MR$
 $PM = MN$
 এবং $\angle PMQ = \angle NMR$
 $\therefore \triangle PQM \cong \triangle NRM$
 $\therefore PQ = RN$


[M, QR এর মধ্যবিন্দু]
 [অঙ্কনানুসারে]
 [বিপ্রতীপ কোণ]
 [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

ধাপ-২: $\triangle PRN$ -এ
 $PR + RN > PN$

[ত্রিভুজের যে কোন দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর]
 [ধাপ-১]

বা, $PR + PQ > PN$
 বা, $PR + PQ > PM + MN$
 বা, $PQ + PR > PM + PM$
 $\therefore PQ + PR > 2PM$ (প্রমাণিত)

গ



বিশেষ নির্বচন: দেওয়া আছে, $\triangle PQR$ এর PQ এবং PR বাহুকে যথাক্রমে A ও B বিন্দু পর্যন্ত বর্ধিত করলে Q ও R বিন্দুতে উৎপন্ন বহিঃস্থ $\angle AQR$ এবং $\angle BRQ$ এর সমদ্বিখন্ডকদ্বয় O বিন্দুতে মিলিত হয়। প্রমাণ করতে হবে যে, $2\angle QOR = 180^\circ - \angle QPR$ ।

প্রমাণ:

ধাপ-১: $\triangle PQR$ -এ $\angle P + \angle Q + \angle R = 180^\circ$

যথার্থতা

[ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ]

ধাপ-২: $\triangle PQR$ -এর বহিঃস্থ $\angle AQR = \angle P + \angle R$

[ত্রিভুজের বহিঃস্থ কোণ, অসংকুচ]

বা, $\frac{1}{2}\angle AQR = \frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle R$

বিপরীত দুই কোণের সমষ্টির সমান]

বা, $\angle OQR = \frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle R$

অনুরূপভাবে, $\angle ORQ = \frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle Q$

ধাপ-৩: $\triangle QOR$ -এ

$\angle QOR + \angle OQR + \angle ORQ = 180^\circ$

বা, $\angle QOR + \frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle R + \frac{1}{2}\angle P + \frac{1}{2}\angle Q = 180^\circ$ [ধাপ-২ হতে পাই]

বা, $\angle QOR + \frac{1}{2}\angle P + \frac{1}{2}(\angle P + \angle Q + \angle R) = 180^\circ$

বা, $\angle QOR + \frac{1}{2}\angle P + \frac{1}{2} \times 180^\circ = 180^\circ$ [ধাপ-১ হতে]

বা, $\angle QOR + \frac{1}{2}\angle P + 90^\circ = 180^\circ$

বা, $\angle QOR + \frac{1}{2}\angle P = 180^\circ - 90^\circ$

বা, $\frac{2\angle QOR + \angle P}{2} = 90^\circ$

বা, $2\angle QOR + \angle P = 180^\circ$

বা, $2\angle QOR + \angle QPR = 180^\circ$

$\therefore 2\angle QOR = 180^\circ - \angle QPR$ (প্রমাণিত)

প্রশ্ন ৫


$\triangle ABC$ এর M ও N যথাক্রমে AB ও AC এর মধ্যবিন্দু এবং $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখন্ডকদ্বয় P বিন্দুতে মিলিত হয়েছে। [সকল বোর্ড-২০১৮ প্রশ্ন নং ৪]
 ক. উদ্দীপকের আলোকে চিত্রটি অঙ্কন কর। ২

খ. প্রমাণ কর যে, $MN \parallel BC$ এবং $MN = \frac{1}{2}BC$. ৪

গ. দেখাও যে, $\angle BPC = 90^\circ + \frac{1}{2}\angle A$. ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক




মনে করি, ABC একটি ত্রিভুজ। AB ও AC এর মধ্যবিন্দু যথাক্রমে M ও N । $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখন্ডকদ্বয় পরস্পর P বিন্দুতে মিলিত হয়েছে।

খ. পাঠ্যবইয়ের অনুশীলনী-৬.৩ এর উপপাদ্য-১৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১২৯

গ

দেওয়া আছে, ত্রিভুজ ABC এর $\angle B$ এবং $\angle C$ এর সমদ্বিখন্ডকদ্বয় P বিন্দুতে মিলিত হয়েছে। অর্থাৎ, BP এবং CP যথাক্রমে $\angle ABC$ এবং $\angle ACB$ এর সমদ্বিখন্ডক। প্রমাণ করতে হবে যে, $\angle BPC = 90^\circ + \frac{1}{2}\angle A$ ।



যথার্থতা

প্রমাণ: ধাপ

(১) $\triangle ABC$ -এ

$\angle A + \angle B + \angle C = 180^\circ$ [\therefore ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°]

বা, $\frac{1}{2}\angle A + \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 90^\circ$ [উভয় পক্ষকে ২ দ্বারা ভাগ করে পাই]

$\therefore \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 90^\circ - \frac{1}{2}\angle A$ (i)

(২) $\triangle BPC$ -এ, $\angle BPC + \angle PBC + \angle PCB = 180^\circ$

বা, $\angle BPC + \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 180^\circ$ [$\therefore BP$ এবং CP রেখা

যথাক্রমে $\angle B$ ও $\angle C$ -এর সমদ্বিখন্ডক]



বা, $\angle BPC + 90^\circ - \frac{1}{2} \angle A = 180^\circ$ [(i) নং হতে]

বা, $\angle BPC = 180^\circ - 90^\circ + \frac{1}{2} \angle A$

$\therefore \angle BPC = 90^\circ + \frac{1}{2} \angle A$ (দেখানো হলো)

প্রশ্ন ৬ $\triangle ABC$ এর AB, BC এবং AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P, Q, R.

[রাজশাহী বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৪]


ক. মধ্যমাসহ ত্রিভুজটি একে দেখাও।

খ. প্রমাণ কর যে, $AB + AC > 2AQ$

গ. প্রমাণ কর যে, $PQ = \frac{1}{2} AC$.


৬ নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে, $\triangle ABC$ এর AB, BC এবং AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P, Q ও R। A, Q; B, R এবং C, P যোগ করি। $\triangle ABC$ -এর তিনটি মধ্যমা AQ, BR ও CP।

খ



প্রমাণ করতে হবে যে, $AB + AC > 2AQ$.

অঙ্কন: AQ কে M পর্যন্ত বর্ধিত করি যেন $AQ = QM$ হয়। C, M যোগ করি।

প্রমাণ: ধাপ যথার্থতা

(১) $\triangle ABQ$ ও $\triangle CQM$ এ

$BQ = CQ$

$AQ = QM$

এবং $\angle AQB = \angle CQM$

$\therefore \triangle ABQ \cong \triangle CQM$

সুতরাং $AB = CM$... (i)

(২) এখন, $\triangle ACM$ এ

$AC + CM > AM$

বা, $AC + AB > AQ + QM$

বা, $AB + AC > AQ + AQ$

$\therefore AB + AC > 2AQ$ (প্রমাণিত)

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-৬.৩ এর উপপাদ্য-১৫ এর অনুরূপ। পৃষ্ঠা-১২৯

প্রশ্ন ৭ $\triangle PQR$ এ $PO \perp QR$, $PQ = PR = 5$ সে.মি. এবং $QO = 4$ সে.মি.।

[সিলেট বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৫]


ক. PO এর দৈর্ঘ্য নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে, $QO = \frac{1}{2} QR$.

গ. প্রমাণ কর যে, $PQ + PR > 2PO$.

৭ নং প্রশ্নের সমাধান

ক



যেহেতু, $PO \perp OQ$

$\triangle POQ$ হতে $PQ^2 = PO^2 + OQ^2$

বা, $PO^2 = PQ^2 - OQ^2 = (5)^2 - (4)^2 = 25 - 16 = 9$


$\therefore PO = 3$ সে.মি.

খ

দেওয়া আছে,

PQR ত্রিভুজে $PO \perp QR$ এবং $PQ = PR$

প্রমাণ করতে হবে যে $QO = \frac{1}{2} QR$



প্রমাণ: ধাপ

(১) $\angle POQ = \angle POR = 90^\circ$ সমকোণ

(২) এখন, সমকোণী $\triangle POQ$ ও $\triangle PRO$ এর মধ্যে

অতিভুজ $PQ =$ অতিভুজ PR

$PO = PO$

$\therefore \triangle POQ \cong \triangle PRO$

$\therefore QO = OR$

(৩) $QO + OR = QR$

বা, $QO + QO = QR$

বা, $2QO = QR$

$\therefore QO = \frac{1}{2} QR$ (প্রমাণিত)

গ সৃজনশীল ৪(খ) নং সমাধানের অনুরূপ।

প্রশ্ন ৮ $\triangle PQR$ এর PQ ও PR এর মধ্যবিন্দু যথাক্রমে S ও T।

[ঢাকা বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং ৪]


ক. উদ্দীপকের আলোকে চিত্র অংকন কর।

খ. প্রমাণ কর যে, $ST = \frac{1}{2} QR$ ।

গ. প্রমাণ কর যে, $PQ + QR > 2QT$ ।


৮ নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে, $\triangle PQR$ এর PQ ও PR এর মধ্যবিন্দু যথাক্রমে S ও T.

খ



বিশেষ নির্বচন: মনে করি, PQR ত্রিভুজে S ও T যথাক্রমে PQ ও PR বাহুর মধ্যবিন্দু। প্রমাণ করতে হবে যে, $ST = \frac{1}{2}QR$.


অংকন: S ও T যোগ করে বর্ধিত করি যেন $ST = TA$ হয়। R, A যোগ করি।

প্রমাণ: ধাপ যথার্থতা

- (১) ΔPST ও ΔATR -এ
- | | |
|---------------------------|----------------|
| PT = TR | [দেওয়া আছে] |
| ST = TA | [অঙ্কনানুসারে] |
| $\angle STP = \angle RTA$ | [বিপ্রতীপ কোণ] |
- $\therefore \Delta PST \cong \Delta ATR$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]
- $\therefore \angle PST = \angle RAT$ [একান্তর কোণ]
- এবং $\angle TPS = \angle TRA$
- $\therefore PS \parallel AR$ বা, $PQ \parallel AR$
- আবার, $SP = SQ = AR$ এবং $SQ \parallel AR$
- $\therefore SQRA$ একটি সামান্তরিক।
- $\therefore SA \parallel QR$ বা, $ST \parallel QR$
- (২) আবার, $SA = QR$
- বা, $ST + TA = QR$
- বা, $ST + ST = QR$
- বা, $2ST = QR$
- $\therefore ST = \frac{1}{2}QR$ (প্রমাণিত)

গ সৃজনশীল ৩(খ) নং সমাধানের অনুরূপ।

প্রশ্ন ৯



[রাজশাহী বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং ৪]

চিত্রে, ΔABC এর AB এবং AC এর মধ্যবিন্দু যথাক্রমে D এবং E।

- ক. 37° কোণের পূরক কোণ কত? ২
- খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে, $DE \parallel BC$ এবং $2DE = BC$ । ৪
- গ. প্রমাণ কর যে, $AB + BC > 2BE$ । ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক আমরা জানি,
দুটি কোণের সমষ্টি 90° হলে একটি কোণকে অপর কোণের পূরক কোণ বলে।
 $\therefore 37^\circ$ কোণের পূরক কোণ $= 90^\circ - 37^\circ = 53^\circ$ (Ans.)

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৬.৩ এর উপপাদ্য-১৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১২৯

গ সৃজনশীল ৩(খ) নং সমাধানের অনুরূপ।


প্রশ্ন ১০ ΔABC এর $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখণ্ডকদ্বয় O বিন্দুতে মিলিত হয়েছে।

[দিনাজপুর বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং ৪]

- ক. উপরের তথ্যের আলোকে চিত্রটি আঁক। ২
- খ. প্রমাণ কর যে, $\angle BOC = 90^\circ + \frac{1}{2}\angle A$ । ৪
- গ. যদি AB কে E পর্যন্ত এবং AC কে F পর্যন্ত বর্ধিত করা হয় এবং $\angle EBC$ ও $\angle FCB$ কোণের সমদ্বিখণ্ডক O বিন্দুতে মিলিত হয় তবে প্রমাণ কর যে, $\angle BOC = 90^\circ - \frac{1}{2}\angle A$ । ৪


১০ নং প্রশ্নের সমাধান

ক



মনে করি, ABC একটি ত্রিভুজ। $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে।

খ



দেওয়া আছে,
ত্রিভুজ ABC এর $\angle B$ এবং $\angle C$ এর সমদ্বিখণ্ডকদ্বয় O বিন্দুতে মিলিত হয়েছে। অর্থাৎ, BO এবং CO যথাক্রমে $\angle ABC$ এবং $\angle ACB$ এর সমদ্বিখণ্ডক। প্রমাণ করতে হবে যে, $\angle BOC = 90^\circ + \frac{1}{2}\angle A$.

প্রমাণ: ধাপ যথার্থতা

(১) ΔABC -এ
 $\angle A + \angle B + \angle C = 180^\circ$ [ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°]

বা, $\frac{1}{2}\angle A + \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 90^\circ$ [উভয় পক্ষকে ২ দ্বারা ভাগ করে পাই]

$\therefore \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 90^\circ - \frac{1}{2}\angle A$ (i)

(২) ΔBOC -এ
 $\angle BOC + \angle OBC + \angle OCB = 180^\circ$

বা, $\angle BOC + \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 180^\circ$ [∵ BO এবং CO রেখা যথাক্রমে


$\angle B$ ও $\angle C$ -এর সমদ্বিখণ্ডক]

বা, $\angle BOC + 90^\circ - \frac{1}{2}\angle A = 180^\circ$ [(i) নং হতে]

বা, $\angle BOC = 180^\circ - 90^\circ + \frac{1}{2}\angle A$

$\therefore \angle BOC = 90^\circ + \frac{1}{2}\angle A$ (প্রমাণিত)

গ



বিশেষ নির্বচন: ΔABC -এর AB বাহুকে E পর্যন্ত এবং AC বাহুকে F পর্যন্ত বর্ধিত করায় B এবং C বিন্দুতে দুইটি বহিঃস্থকোণ যথাক্রমে $\angle EBC$ এবং $\angle FCB$ উৎপন্ন হয়েছে। এখন, $\angle EBC$ এর সমদ্বিখণ্ডক BO এবং $\angle FCB$ এর সমদ্বিখণ্ডক CO পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে।

প্রমাণ করতে হবে যে, $\angle BOC = 90^\circ - \frac{1}{2}\angle A$.

প্রমাণ: ধাপ যথার্থতা

(১) ΔABC -এ
 $\angle A + \angle B + \angle C = 180^\circ$ [ত্রিভুজের তিন কোণের সমষ্টি ২ সমকোণ]

বা, $\frac{1}{2}\angle A + \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 90^\circ$ (i)

(২) আবার, ΔBOC -এ
 $\angle BOC + \angle OBC + \angle OCB = 180^\circ$

বা, $\angle BOC + \frac{1}{2}\angle EBC + \frac{1}{2}\angle FCB = 180^\circ$ [∵ BO এবং CO যথাক্রমে $\angle EBC$



ও $\angle FCB$ এর সমদ্বিখণ্ডক।

$$\text{বা, } \angle BOC + \frac{1}{2}(180^\circ - \angle B) + \frac{1}{2}(180^\circ - \angle C) = 180^\circ$$

[$\therefore \angle CBE, \angle B$ -এর এবং $\angle BCF,$
 $\angle C$ -এর সম্পূরক কোণ]

$$\text{বা, } \angle BOC + 90^\circ - \frac{1}{2}\angle B + 90^\circ - \frac{1}{2}\angle C = 180^\circ$$

$$\text{বা, } \angle BOC = 180^\circ - 90^\circ - 90^\circ + \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C + \frac{1}{2}\angle A - \frac{1}{2}\angle A$$

$$\therefore \angle BOC = 90^\circ - \frac{1}{2}\angle A \text{ [(i) নং হতে] (প্রমাণিত)}$$

প্রশ্ন ১১ ABC একটি ত্রিভুজ। E এবং F যথাক্রমে AB ও AC বাহুর মধ্যবিন্দু।

[সিলেট বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং ৪]

- ক. ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের দুইটি সূত্র লিখ। ২
- খ. উদ্দীপক অনুসারে প্রমাণ কর যে, $EF \parallel BC$ এবং $EF = \frac{1}{2}BC$ । ৪
- গ. যদি $\triangle ABC$ এর $\angle ABC =$ এক সমকোণ হয়, তবে প্রমাণ কর যে, $BF = \frac{1}{2}AC$ । ৪

১১ নং প্রশ্নের সমাধান

ক ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের দুইটি সূত্র নিরূপণ:

ত্রিভুজের ভূমি ও উচ্চতা জানা থাকলে ক্ষেত্রফল $= \frac{1}{2} \times \text{ভূমি} \times \text{উচ্চতা}$

ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য জানা থাকলে ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$


যেখানে, a, b, c ত্রিভুজের বাহুত্রয় এবং $s = \frac{a+b+c}{2}$

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৬.৩ এর উপপাদ্য-১৫ এর অনুরূপ। পৃষ্ঠা-১২৯

গ বিশেষ নির্বচন: মনে করি, $\triangle ABC$ -এ $\angle B =$ এক সমকোণ তাহলে F অতিভুজ AC-এর মধ্যবিন্দু। B, F যোগ করি। প্রমাণ করতে হবে যে,

$$BF = \frac{1}{2}AC.$$

অঙ্কন: E, F যোগ করি।



প্রমাণ: ধাপ

যথার্থতা

(১) $\triangle ABC$ -এর E এবং F যথাক্রমে [অঙ্কন এবং কল্পনানুসারে]
AB এবং AC-এর মধ্যবিন্দু।

$\therefore EF \parallel BC.$ [ত্রিভুজের যেকোনো দুই বাহুর মধ্যবিন্দুর
সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল।]

$\therefore \angle AEF =$ অনুরূপ $\angle EBC =$ এক সমকোণ [কল্পনা]

(২) এখন, $\triangle AEF$ এবং $\triangle BEF$ -এর মধ্যে
 $AE = BE$ [E, AB-এর মধ্যবিন্দু]

$EF = EF$ [সাধারণ বাহু]

এবং অসম্পর্কিত $\angle AEF =$ অসম্পর্কিত $\angle BEF$ [\therefore প্রত্যেকে সমকোণ]

$\therefore \triangle AEF \cong \triangle BEF$

$\therefore AF = BF$

(৩) কিন্তু $AF = \frac{1}{2}AC.$ [F, AC এর মধ্যবিন্দু]

$\therefore BF = \frac{1}{2}AC.$ [ধাপ-২ থেকে] (প্রমাণিত)

প্রশ্ন ১২ $\triangle PQR$ এর PQ ও PR এর মধ্যবিন্দু যথাক্রমে M, N এবং $PQ >$
PR

[যশোর বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং ৪]


ক. তথ্যটির চিহ্নিত চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে, $MN \parallel QR$ এবং $MN = \frac{1}{2}QR.$ ৪

গ. $\angle P$ এর সমদ্বিখণ্ডক QR কে D বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে,
 $\angle PDQ$ স্থলকোণ। ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক




চিত্রে, PQR একটি ত্রিভুজ। ইহার PQ ও PR বাহুর মধ্যবিন্দু যথাক্রমে M ও N এবং $PQ > PR.$

খ

পাঠ্যবইয়ের অনুশীলনী-৬.৩ এর উপপাদ্য-১৫ এর অনুরূপ। পৃষ্ঠা-১২৯

গ



দেওয়া আছে, $\triangle PQR$ -এ $PQ > PR$ এবং $\angle P$ এর সমদ্বিখণ্ডক QR কে D

বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, $\angle PDQ$ স্থলকোণ।

প্রমাণ: ধাপ

যথার্থতা

(১) $\triangle PQR$ -এ $PQ > PR$

$$\therefore \angle R > \angle Q$$

[ত্রিভুজের বৃহত্তর বাহুর বিপরীত কোণ, ক্ষুদ্রতর
বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর।]

$$\text{বা, } \angle R + \frac{1}{2}\angle P > \angle Q + \frac{1}{2}\angle P$$

[উভয়পক্ষে $\frac{1}{2}\angle P$ যোগ করে]

(২) আবার, $\triangle PRD$ -এ

$$\text{বহিঃস্থ } \angle PDQ = \text{অসম্পর্কিত বিপরীত } (\angle R + \frac{1}{2}\angle P)$$

(৩) এবং $\triangle PQD$ -এ

$$\text{বহিঃস্থ } \angle PDR = \text{অসম্পর্কিত বিপরীত } (\angle Q + \frac{1}{2}\angle P)$$


$$\therefore \angle PDQ > \angle PDR \text{ [} \angle R + \frac{1}{2}\angle P > \angle Q + \frac{1}{2}\angle P \text{]}$$

যেহেতু কোণ দুইটি সন্নিহিত কোণ এবং অসমান,

$$\therefore 90^\circ < \angle PDQ < 180^\circ$$

$\therefore \angle PDQ$ স্থলকোণ। (প্রমাণিত)

প্রশ্ন ১৩



$\triangle ABC$ ত্রিভুজে BC বাহুর মধ্যবিন্দু D এবং $\angle B$ ও $\angle C$ এর অসম্পর্কিত কোণ দুই
E বিন্দুতে মিলিত হয়েছে।

[পাবনা ক্যাডেট কলেজ, পাবনা □ প্রশ্ন নং ৫]

ক. বর্গের বাহুর দৈর্ঘ্য BC হলে বর্গটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, $AB + AC > 2AD$ ৪


গ. প্রমাণ কর যে, $\angle BEC = 90^\circ + \frac{1}{2}\angle A$ ৪

১৩ নং প্রশ্নের সমাধান

ক

বর্গের বাহুর দৈর্ঘ্য, $a = BC = 2DC = 2 \times 5 = 10$ সে.মি.

$a = 10$ সে.মি.



ABCD-উ উদ্দিষ্ট বর্গ।

খ. সৃজনশীল ৬(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ. সৃজনশীল ১০(খ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪ ABC ত্রিভুজের $\angle B$ ও $\angle C$ এর বহির্দিকস্থ কোণ দুইটির মধ্যস্থিত বিন্দু O বিন্দুতে মিলিত হয়েছে এবং D, $\triangle ABC$ এর অভ্যন্তরে অবস্থিত যেকোনো বিন্দু।

[সিলেট ক্যাডেট কলেজ, সিলেট □ প্রশ্ন নং ৪]


ক. একটি ত্রিভুজ অঙ্কন কর যার ভূমি ৫ সে.মি. এবং ভূমিসংলগ্ন প্রতিটি কোণ 30° ।

খ. প্রমাণ কর যে, $AB + AC > BD + DC$ ।


গ. প্রমাণ কর যে, $\angle BOC = 90^\circ - \frac{1}{2} \angle A$ ।

১৪ নং প্রশ্নের সমাধান

ক



খ



বিশেষ নির্বচন : $\triangle ABC$ এর অভ্যন্তরে D যেকোনো বিন্দু। B, D; D, C যোগ করি। প্রমাণ করতে হবে যে, $AB + AC > BD + DC$

অঙ্কন : CD কে বর্ধিত করি যেন তা AB বাহুর সাথে E বিন্দুতে মিলিত হয়।

প্রমাণ: ধাপ যথার্থতা
 (১) $\triangle ACE$ -এ, [ত্রিভুজের যেকোনো দুই বাহুর
 $AC + AE > CE$ সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর]
 $\therefore AC + AE > CD + DE$(i) [$\because CE = CD + DE$]

(২) $\triangle BED$ -এ,
 $DE + BE > BD$ (ii)
 (৩) (i) ও (ii) নং যোগ করে পাই,
 $AC + AE + DE + BE > CD + DE + BD$
 বা, $AC + AE + BE > CD + BD + DE - DE$
 $\therefore AC + AB > BD + DC$ (প্রমাণিত)

গ. সৃজনশীল ১০(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৫ $\triangle ABC$ এর P ও Q যথাক্রমে AB ও AC এর মধ্যবিন্দু এবং $\angle B$ ও $\angle C$ এর সমদিকস্থ কোণ দুইটির মধ্যস্থিত বিন্দু E বিন্দুতে মিলিত হয়েছে।

[মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা □ প্রশ্ন নং ৪]

ক. উদ্দীপকের আলোকে চিত্রটি অঙ্কন কর।

খ. প্রমাণ কর যে, $PQ \parallel BC$ এবং $PQ = \frac{1}{2} BC$

গ. দেখাও যে, $\angle BEC = 90^\circ + \frac{1}{2} \angle A$

১৫ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৫নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৬ $\triangle PQR$ এ $\angle P = 90^\circ$ । QR এর মধ্যবিন্দু D।

[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা □ প্রশ্ন নং ৪]


ক. উদ্দীপকের আলোকে চিত্র অঙ্কন কর।

খ. দেখাও যে, $PQ + PR > 2PD$ ।

গ. প্রমাণ কর যে, $PD = \frac{1}{2} QR$ ।


১৬ নং প্রশ্নের সমাধান

ক



প্রদত্ত তথ্য অনুযায়ী $\triangle PQR$ - ই নির্ণেয় ত্রিভুজ।

খ



বিশেষ নির্বচন: দেওয়া আছে, $\triangle PQR$ -এর QR বাহুর মধ্যবিন্দু D. P, D যোগ করি। প্রমাণ করতে হবে যে, $PQ + PR > 2PD$ ।

অঙ্কন: PD কে E পর্যন্ত বর্ধিত করি যেন, $DE = PD$ হয়। E, R যোগ করি।

প্রমাণ: যথার্থতা

ধাপ-১. $\triangle PQD$ এবং $\triangle ERD$ -এ

$QD = RD$ [\because D, QR এর মধ্যবিন্দু দেওয়া আছে]

$PD = DE$ [অঙ্কন অনুসারে]

এবং অশুভ্রুক্ত $\angle PDQ =$ অশুভ্রুক্ত $\angle ERD$ [বিপ্রতীপ কোণ সমান]

$\therefore \triangle PQD \cong \triangle ERD$
 সুতরাং $PQ = RE$ (i)

ধাপ-২. এখন, $\triangle PER$ -এ,

$PR + RE > PE$ [\because ত্রিভুজের যেকোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর]

বা, $PR + PQ > PD + DE$ [\because (i) নং থেকে $PQ = RE$]

বা, $PQ + PR > PD + PD$ [\because অঙ্কনানুসারে, $DE = PD$]


$\therefore PQ + PR > 2PD$. (দেখানো হলো)

গ. বিশেষ নির্বচন: মনে করি, $\triangle PQR$ -এর

$\angle P =$ এক সমকোণ এবং D, QR এর মধ্যবিন্দু। P, D যোগ করি। প্রমাণ করতে

হবে যে, $PD = \frac{1}{2} QR$ ।

অঙ্কন: PQ এর মধ্যবিন্দু E নিই। D, E যোগ করি।



MWYZ (AveWkAk)

প্রমাণ:

যথার্থতা

ধাপ-১. ΔPQR -এ E এবং D যথাক্রমে

PQ ও QR এর মধ্যবিন্দু।

$\therefore DE \parallel PR$ [ত্রিভুজের যেকোনো দুই বাহুর মধ্যবিন্দু
সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল।]

$\therefore \angle QPR = \text{অনুরূপ } \angle QED = \text{এক সমকোণ}।$

ধাপ-২. এখন, ΔPED ও ΔQED -এর মধ্যে

$PE = QE$ [E, PQ এর মধ্যবিন্দু]
এবং অলঙ্ঘিত $\angle PED = \text{অলঙ্ঘিত } \angle QED$ [প্রত্যেকে সমকোণ]
এবং $DE = DE$ [সাধারণ বাহু]

$\therefore \Delta PED \cong \Delta QED$

$\therefore PD = QD$

ধাপ-৩. কিন্তু, $QD = \frac{1}{2} QR$

$\therefore PD = \frac{1}{2} QR$ (প্রমাণিত)

প্রশ্ন-১৭ ΔABC এর D ও E যথাক্রমে AB ও AC এর মধ্যবিন্দু এবং $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখন্ডকদ্বয় O বিন্দুতে মিলিত হয়েছে।

[মাইলস্টোন কলেজ, ঢাকা □ প্রশ্ন নং ৬]

ক. উদ্দীপকের তথ্যগুলো চিত্রের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. প্রমাণ কর যে, $DE \parallel BC$ এবং $DE = \frac{1}{2} BC$ ৪গ. প্রমাণ কর যে, $\angle BOC = 90^\circ + \frac{1}{2} \angle A$ ৪

১৭ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৫নং সমাধানের অনুরূপ।

M, N, P যথাক্রমে D, E, O দ্বারা প্রতিস্থাপিত হবে।



প্রশ্ন-১৮ ΔPQR এ $PQ > PR$, $\angle P$ এর সমদ্বিখন্ডক PS, QR কে S বিন্দুতে ছেদ করে।

[বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ □ প্রশ্ন নং ৪]

ক. উদ্দীপকের আলোকে চিহ্নিত চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে, $\angle PSQ$ স্থূলকোণ। ৪গ. QR কে T পর্যন্ত বর্ধিত করা হলে, প্রমাণ কর যে, $\angle PRT = \angle QPR + \angle PQR$ । ৪

১৮ নং প্রশ্নের সমাধান



দেওয়া আছে, ΔPQR -এ $PQ > PR$ এবং $\angle P$ এর সমদ্বিখন্ডক QR কে S বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, $\angle PSQ$ স্থূলকোণ।

প্রমাণ: ধাপ

যথার্থতা

(১) ΔPQR -এ $PQ > PR$

$\therefore \angle R > \angle Q$ [ত্রিভুজের বৃহত্তর বাহুর বিপরীত কোণ, ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর।]

বা, $\angle R + \frac{1}{2} \angle P > \angle Q + \frac{1}{2} \angle P$ [উভয়পক্ষে $\frac{1}{2} \angle P$ যোগ করে]

(২) আবার, ΔPRS -এ

বহিঃস্থ $\angle PSQ = \text{অলঙ্ঘিত বিপরীত } (\angle R + \frac{1}{2} \angle P)$

(৩) এবং ΔPQS -এ

বহিঃস্থ $\angle PSR = \text{অলঙ্ঘিত বিপরীত } (\angle Q + \frac{1}{2} \angle P)$


$\therefore \angle PSQ > \angle PSR$ [$\angle R + \frac{1}{2} \angle P > \angle Q + \frac{1}{2} \angle P$]

যেহেতু কোণ দুইটি সন্নিহিত কোণ এবং অসমান,

$\therefore 90^\circ < \angle PSQ < 180^\circ$

$\therefore \angle PSQ$ স্থূলকোণ। (প্রমাণিত)

গ



বিশেষ নির্বচন: মনে করি, ΔPQR এর QR বাহুকে T পর্যন্ত বর্ধিত করায় বহিঃস্থ $\angle PRT$ উৎপন্ন হয়েছে। $\angle PRT$, ত্রিভুজটির $\angle PRQ$ এর সংলগ্ন বহিঃস্থ কোণ। কাজেই, $\angle QPR$ এবং $\angle PQR$ বহিঃস্থ $\angle PRT$ এর বিপরীত অলঙ্ঘিত কোণদ্বয়।

প্রমাণ করতে হবে যে, $\angle PRT = \angle QPR + \angle PQR$ ।

অঙ্কন: R বিন্দু দিয়ে QP বাহুর সমান্তরাল করে RE রশ্মি টানি।

প্রমাণ:

যথার্থতা

ধাপ-১. $QP \parallel RE$ এবং PR ছেদক। [অঙ্কন অনুসারে]

$\therefore \angle QPR = \angle PRE$... (i) [একান্তর কোণ বলে]

ধাপ-২. আবার, $QP \parallel RE$ এবং QT ছেদক।

$\therefore \angle PQR = \angle ERT$... (ii) [অনুরূপ কোণ বলে]

ধাপ-৩. (i) নং + (ii) নং থেকে পাই,

$\angle QPR + \angle PQR = \angle PRE + \angle ERT$

বা, $\angle QPR + \angle PQR = \angle PRT$ [$\because \angle PRE + \angle ERT = \angle PRT$]

$\therefore \angle PRT = \angle QPR + \angle PQR$ (প্রমাণিত)

প্রশ্ন-১৯ ΔABC এর $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখন্ডকদ্বয় O বিন্দুতে মিলিত হয়েছে এবং ΔABC এর D ও E যথাক্রমে AB ও AC এর মধ্যবিন্দু।

[মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ □ প্রশ্ন নং ৪]

ক. উপরের তথ্যের আলোকে প্রথম চিত্রটি আঁক। ২

